# উপজেলা পরিষদ, কালিয়াকৈর এর মার্চ/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ কামাল উদ্দিন সিকদার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কালিয়াকৈর, গাজীপুর। |
| তারিখ | ঃ | ১৫/০৩/২০২৩খ্রি. |
| সময় | ঃ | সকাল ১১.০০ঘটিকা |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানব জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের প্রতি বিনম্র শ্রদ্ধা এবং মহান মুক্তিযুদ্ধে সকল শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে সভার কার্য শুরু করা হয়। ১৯৭১ সালের ৭ই মার্চের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতির উদ্দেশ্যে ঐতিহাসিক ভাষণের মধ্যে দিয়ে মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার ডাক দিয়েছিলেন এবং ১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, এ দিবসটি যথাযোগ্য মর্যাদার সাথে পালনের জন্য সকলকেই স্ব-স্ব অবস্থান এবং উপজেলা প্রশাসন কর্তৃক গৃহিত সকল কর্মসূচিতে অংশগ্রহণ করারজন্য সকলকে অনুরোধ করেন। এছাড়াও ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ই মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস এর সকল কার্যক্রম দিবসটি যথাযোগ্য মর্যাদার সাথে পালনের জন্য সকলকেই স্ব-স্ব অবস্থান এবং উপজেলা প্রশাসন কর্তৃক গৃহিত সকল কর্মসূচিতে অংশগ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। অদ্যকার সভায় মাননীয় উপদেষ্টা আলহাজ্ব এডভোকেট আ. ক. ম. মোজাম্মেল হক এমপি, গাজীপুর-১ ও মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং প্রত্যেককেই স্ব স্ব কর্মক্ষেত্রে আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করার পরামর্শ প্রদান করেন। বন বিভাগের বিভিন্ন অনিয়ম এবং সাধারণ জনগণের হয়রানিসহ জনসাধারণের চলচলের রাস্তা বন্ধ করণে বিষয়ে আলোচনা করেন এবং বন বিভাগের মাধ্যমে জনগণের কোন প্রকার ভোগান্তি/হয়রানি না হয় সে বিষয়ে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। তিনি মাননীয় প্রধানমন্ত্রীর সকল নির্দেশনা বাস্তবায়নের জন্য বলেন। তিনি মাদকদ্রব্য নিয়ন্ত্রণে আইনশৃঙ্খলা বাহিনীকে সক্রিয় সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। পরিশেষে তিনি সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

০২। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর ফেব্রুয়ারি/২০২৩খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করেন এবং সভায় উপস্থিত মাননীয় উপদেষ্টা মহোদয়কে উপজেলার আওতাধীন সকল বিভাগের সার্বিক কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা প্রদান করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ ১১ জন জুনিয়র কনসালট্যান্ট পদের মধ্যে ৫টি পদ শুন্য আছে। শুন্য পদ সমুহ ১.জুনিয়র কনসালট্যান্ট ইএনটি(নাক,কান,গলা) ২.জুনিয়র কনসালট্যান্ট অপথালমোলজি ৩.জুনিয়র কনসালট্যান্ট কার্ডিওলর্জি. ৪.জুনিয়র কনসালট্যান্ট সার্জারী ৫.জুনিয়র কনসালট্যান্ট মেডিসিন। নরমাল ও সিজারিয়ান ডেলিভারী বরাবরের মত চালু আছে । চলতি মাসে সিজারিয়ান ডেলিভারী করা হয়েছে ৩৫জনকে ও নরমাল ডেলিভারী করানো হয়েছে ১২ জনকে মোট ডেলিভারীর করানো হয়েছে ৫৭ জনকে । জনাব মোঃ ওয়ারেজ আলী মেডিকল টেকনোলজিষ্ট (এক্স-রে) কে কোভিড-১৯ জনিত কারণে কুয়েত মৈত্রি হাসপাতাল, ঢাকায় প্রেষনে বহাল করা হয়। দীর্ঘ দিন প্রেষনে থাকায় অত্র স্বাস্থ্য কমপ্লেক্সের এক্স-রে মেশিনটি ব্যবহার হচ্ছে না অপরদিকে কালিয়াকৈরের বিশাল জন গোষ্টি স্বাস্থ্য সেবা হতে বঞ্চিত হচ্ছে। বারবার যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেষনাদেশ বাতিলের জন্য আবেদন করা হলে ও বাতিল হচ্ছেনা ।<br>করোনা ভ্যাকসিন প্রথম, দ্বিতীয়, তৃতীয়ও চতুর্থ ডোজ কার্যক্রম চালু আছে। প্রথম ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে ৬২৬৪১৩, দ্বিতীয় ডোজ ভ্যাকসিন প্রদান ৫১৯১০৬, তৃতীয় ডোজভ্যাকসিন প্রদান করা হয় ২৪১৪৯১ জনকে চতুর্থ ডোজ ভ্যাকসিন প্রদান করা হয় ৫৯ জনকে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা স্বাস্থ্য ও পরিঃ পরিঃ অফিসার |



CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, বর্তমানে উপজেলার সক্ষম দম্পতির সংখ্যা ৬১২০৩ জন।এর মধ্যে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ কারীর সংখ্যা ৪৭,০৫৭ জন এবং গ্রহণ কারীর হার ৭৬.৮৯%। স্থায়ী পদ্ধতি গ্রহণকারীর মোট সংখ্যা ১২ জন, ইমপ্ল্যানন গ্রহণকারী ১৮, আইইউডি ৬২ জন এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ১৬টি স্বাভাবিক প্রসব সম্পন্ন হয়েছে। মাঠ পর্যায়ে প্রতিটি ওয়ার্ডে পরিবার কল্যাণ সহকারীর মাধ্যমে পরিবার পরিকল্পনা সেবা, পরামর্শ, উদ্বুদ্ধকরণ সহকমিউনিটি ক্লিনিকে সেবা কার্যক্রমে সহায়তা প্রদান করা হচ্ছে। আশ্রয়ন/আবাসন প্রকল্পে বসবাসকারী দম্পতিদের ৮৪% পরিবার পরিকল্পনা পদ্ধতির মধ্যে রয়েছে।এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, বোরো ধানের আবাদের লক্ষ্যমাত্রা ১০১৬৫ হেক্টর এর মধ্যে ১০২০০ হেক্টর অর্জন হয়েছে। আউশ আবাদ বৃদ্ধির লক্ষ্যে ৩০০ জন কৃষকের মাঝে প্রণোদনা প্রদানের বরাদ্দ পাওয়া গেছে। আউশ ধানের আবাদের লক্ষ্যমাত্রা ৮০ হেক্টর নির্ধারণ করা হয়েছে। খরিফ-১ মৌসুমের শাকসবজি আবাদের লক্ষ্যমাত্রা ৯৬৫ হেক্টর নির্ধারণ করা হয়েছে। অত্র উপজেলাতে চাষাবাদের জন্য পর্যাপ্ত সারের মজুদ বিদ্যমান আছে। বর্তমানে কোন ঘাটতি নাই। অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | রোডম্যাপ অনুযায়ী বাস্তবায়ন করতে হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা কৃষি অফিসার |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার জানান যে, মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে, বিভিন্ন হাট বাজারে মৎস্যজীবীদের নিয়ে সভা আয়োজন করা হয় এবং অত্র উপজেলার মৎস্য চাষীদের পুকুর পরিদর্শন করে নিয়মিত পরামর্শ প্রদান করা হয়। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে নিয়মিত অভিযান পরিচালনাসহ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মৎস্য অফিসার |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, উল্লেখিত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র দপ্তর হতে মার্চ/২০২৩ইং মাসে ২১১২ টি গবাদিপশু ও ২০১৭৭ টি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান, ১১২০ মাত্রা গবাদিপশু ও ৭৩৬০০ মাত্রা হাঁস-মুরগির টিকা প্রদান, ৩২টি খামার পরিদর্শন, ৩১৮টি গাভীর কৃত্রিম প্রজনন, ২৩৪ টি গাভীর গর্ভ পরীক্ষা এবং ৩০ জন মাংস প্রক্রিয়াজাতকারীকে খাদ্য নিরাপদতায় ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক ০১ দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়া গবাদিপশু ও হাঁসমুরগির রোগ প্রতিরোধে জনসচেতনতামূলক কার্যক্রম এবং মাঠ পর্যায়ে সরেজমিনে মাঠ সহকারীদের খামার পরিদর্শনসহ গবাদিপশু ও হাঁস-মুরগির চিকিৎসা প্রদান ও টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | <u>গ্রামীণ অবকাঠামো সংস্কার ঃ</u> ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) ১ম পর্যায় নির্বাচনী এলাকা ভিত্তিক ৫১,৯৫,৬৭৯/- টাকার বিপরীতে ৮টি ,৩৪.৬৩৮ মেঃটন চাল এর বিপরীতে ১টি ও ৩৪.৬৩৮ মেঃটন গম ১টি প্রকল্পের কাজ চলমান, ২য় পর্যায় ৬৯.২৭৬ মেঃটন গমের বিপরীতে ১টি প্রকল্প, ৩৪.৬৩৮ মেঃটন চালের বিপরীতে ২টি প্রকল্পের কাজ চলমান, ৫১,৯৫,৬৭৯.১২ টাকার বিপরীতে ৭টি প্রকল্পের কাজ চলমান । ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারী ১ম পর্যায় ৩৮,২২,৪৯৮.০০ টাকার বিপরীতে ২০টি ২৫.৪৮৩৬ মেঃটন চাল এর বিপরীতে ১টি ২৫.৪৮৩৬ মেঃটন গম এর বিপরীতে ১টি প্রকল্পের কাজ চলমান এবং ২য় পর্যায় ২৫.৪৭৬৯ মেঃটন চাল, ৫০.৯৬৭২ মেঃটন গমের বিপরীতে ০৭টি প্রকল্প এবং ৩৮,১৭,৩৪০ টাকার বিপরীতে ২১টি প্রকল্পের কাজ চলমান। | প্রকল্পের কাজ চলমান | ১। উপজেলা নির্বাহী অফিসার কালিয়াকৈর, গাজীপুর ।<br>২। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিয়াকৈর, গাজীপুর । |

<table>
<tr><td></td><td>গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ ঃ ২০২২-২০২৩ অর্থ বছেরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) ১ম পর্যায় নির্বাচনী এলাকা ভিত্তিক ৫৬,১৯,৩৩৩/- টাকার বিপরীতে ৫৬টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে এবং ২য় পর্যায় ২৬,৫৮,৩৩৪/- টাকার বিপরীতে ৪২টি প্রকল্প অতি দ্রুত ছাড় করা হবে। উপজেলা পরিষদওয়ারী ১ম পর্যায় ২৬,২৯,১৫০/- টাকার বিপরীতে ৩০টি প্রকল্পের কাজ চলমান এবং ২য় পর্যায় ১৩,৫৭,৯৭২ টাকার বিপরীতে ১৫টি জেলায় অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। পাওয়া গিয়াছে অতিদ্রুত ছাড় করা হবে।</td><td>প্রকল্পের কাজ চলমান</td><td></td></tr>
<tr><td></td><td>গ্রামীণ অবকাঠামো সংস্কার ( কাবিটা) উপজেলাওয়ারী ২য় পর্যায় সংরক্ষিত মহিলা আসন ১৬.০০০ মেঃটন গমের অনুকূলে ২টি প্রকল্প ।</td><td>প্রকল্পের কাজ চলমান</td><td></td></tr>
<tr><td></td><td>হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ প্রকল্প ৪,৫৮,৯৬,০০০/- টাকার বিপরীতে ৭টি প্রকল্প ।</td><td></td><td></td></tr>
<tr><td></td><td>ঈদুল ফিতর উপলক্ষে ভিজিএফ চাল এর বরাদ্দ ১২৯.৮৮০ মেঃ চাল পাওয়া যায় ।</td><td></td><td></td></tr>
<tr><td>সমাজসেবা বিভাগ</td><td>উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ভাতাভোগীর অনুকূলে ২০২২-২০২৩ অর্থ বছরের ৩য় কিস্তির পে-রোল প্রেরন সম্পন্নকরণ সর্ম্পকে আলোচনাঃ উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, কালিয়াকৈর পৌরসভা ও ০৯ টি ইউনিয়নের বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ভাতাভোগীর অনুকূলে ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় কিস্তির পে-রোল নির্ভুলভাবে প্রস্তুতপূর্বক প্রেরণ করা হয়েছে।
<table>
<tr><th>কার্যক্রম</th><th>২০২২-২০২৩ অর্থ বছরের নিয়মিত বরাদ্দ</th><th>২০২২-২০২৩ অর্থবছরের অতিরিক্ত বরাদ্দ</th><th>সর্বমোট ভাতা ভোগী</th><th>পে-রোল প্রদানকৃত টাকার পরিমান (নগদের ক্যাশ আউট খরচসহ)</th></tr>
<tr><td>বয়স্ক ভাতা</td><td>১১৯৪৭</td><td>০</td><td>১১৯৪৭</td><td>১৮,০৪৭,৪২৪/-</td></tr>
<tr><td>বিধবাভাতা</td><td>২৫৯০</td><td>০</td><td>২৫৯০</td><td>৩৯,১২,১৯৩/-</td></tr>
<tr><td>প্রতিবন্ধী ভাতা</td><td>৪২০৫</td><td>৬০৪</td><td>৪৮০৯</td><td>১২,৪২,৫৮২৬/-</td></tr>
<tr><td>প্রতিবন্ধী শিক্ষাউপবৃত্তি</td><td>২৪৩</td><td>০</td><td>২৪৩</td><td>৫,৮০,৭৮৭/-</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>১৯০১৫</td><td>৬০৪</td><td>১৯০১৫</td><td>৩,৪৯,৩৩,২৬২/- (তিনকোটিঊনপঞ্চাশলক্ষতেত্রিশহাজারদুইশবাষট্টিটাকামাত্র)।</td></tr>
</table>
উল্লেখ্য, হিজড়া, বেদে, ও অনগ্রসর ভাতাভোগী এবং অনগ্রসর ও বেদে শিক্ষা উপবৃত্তির ২০২২-২০২৩ অর্থ বছরের ৩য় কিস্তির পে-রোল প্রদানের প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে কিন্তু পে-রোল প্রদান অপশন চালু না থাকায় প্রদান করা সম্ভব হয়নি। অপশন চালু হলে পে-রোল প্রদান করা হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</td><td>বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ভাতাভোগীর অনুকূলে ২০২২-২০২৩ অর্থ বছরের ৩য় কিস্তির পেরোল নির্ভুলভাবে প্রেরন করার জন্য মাননীয় মন্ত্রী, জনাব আ. ক. ম. মোজাম্মেল হক, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয় ধন্যবাদ প্রদান করেন এবং এই ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। অবশিষ্ঠ ভাতাভোগীর পে-রোল প্রদান অপশন চালু হলে দ্রুততম সময়ের মধ্যে পে-রোল প্রদান করার সিদ্ধান্ত গ্রহীত হয়।</td><td>১। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।<br>২। উপজেলা সমাজসেবা অফিসার কালিয়াকৈর, গাজীপুর।</td></tr>
<tr><td></td><td>ক্যান্সার, কিডনী, লিভারসিরোসিস, জন্মগত হৃদরোগ এবং স্ট্রোকে প্যারালাইজড রোগীদের এককালীন অনুদান সম্পর্কে আলোচনাঃ কালিয়াকৈর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ও কালিয়াকৈর পৌরসভাসহ সর্বমোট ২২টি আবেদন জেলা সমাজসেবা কার্যালয়, গাজীপুর প্রেরণ করা হয়েছে।</td><td>ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ এবং স্ট্রোকে প্যারালাইজড রোগীদের এককালীন অনুদানের চেক প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td rowspan="2">১। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।<br>২। উপজেলা সমাজসেবা অফিসার কালিয়াকৈর, গাজীপুর।<br>৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কালিয়াকৈর, গাজীপুর</td></tr>
<tr><td></td><td>রোগীকল্যাণ সমিতি সম্পর্কে আলোচনাঃ উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, ২০২২ সালের মার্চ/২০২৩ মাসে ১৩জন ব্যক্তিকে প্রয়োজনীয় ঔষধ কিনে দেওয়া হয়েছে। হুইল চেয়ার প্রাপ্তির জন্য ৩৫ টি আবেদন জমা পড়েছে কিন্তু পর্যাপ্ত অর্থনাথাকায় উপজেলা পরিষদের কাছ থেকে হুইল চেয়ার প্রদানের আহবান জানানো হয়। উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় পরিষদ হতে ১৫টি হুইল চেয়ার প্রদানের কথা বলেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</td><td>উপজেলা পরিষদ হতে ১৫ টি হুইল চেয়ার রোগী কল্যাণ সমিতির মাধ্যমে শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের প্রদানের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td></tr>
</table>



CamScanner

| | | | |
|---|---|---|---|
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, কালিয়াকৈর উপজেলার ৫৩ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১৪১৬ জোড়া বেঞ্চ স্বল্পতা রয়েছে। এছাড়া শিক্ষা অফিস কালিয়াকৈর গাজীপুর এর সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা শিক্ষা অফিসার |
| মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ২০২৩-২০২৪ ভিডব্লিউবি উপকারভোগী নিয়মিত চাল বিতরণ চলমান রয়েছে। মা ও ভোগীদের ২০২২-২০২৩ অর্থ বছরে জুলাই/২২ হতে ফেব্রুয়ারি/২৩ ০৯টি ইউনিয়ণ ও কালিয়াকৈর পৌরসভা ডাটাএন্টি সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের নিয়মিত চলমান রয়েছে, উপজেলা পর্যায়ে মহিলাদের আইডিএ প্রশিক্ষণ বন্ধ রয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, যুবউন্নয়ন অধিদপ্তর কালিয়াকৈর গাজীপুর এর সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। চলতি ২০২২-২০২৩ অর্থবছরে অত্র উপজেলায় বিভিন্ন ইউনিয়নের পছন্দনীয় ট্রেডে ০৭ টি অপ্রাতিষ্ঠানিক ব্যাচে মোট ২১০ জনকে প্রশিক্ষণ দেওয়ার নির্দেশনা রয়েছে। এর মধ্যে মধ্যপাড়া ইউনিয়নের পূর্বচাঁনপুর গ্রামে ও মৌচাক ইউনিয়নের তালতলী গ্রামে যুব ও যুব নারীদের মধ্যে ৬০ জনের ০২টি ব্যাচ হাঁসমুরগী পালন ও গাভী পালন বিষয়ক (অপ্রাতিষ্ঠানিক) প্রশিক্ষণ ব্যাচ সম্পন্ন হয়েছে। প্রশিক্ষণার্থীদের মধ্য হতে ৭০% আত্নকর্মী করার লক্ষ্য মাত্রা নির্ধারন করা হয়েছে। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণে প্রতি ব্যাচে ৬ জন করে প্রশিক্ষণার্থী প্রেরনের নির্দেশনা রয়েছে। অত্র উপজেলায় মোট নিবন্ধিত ৩৬টি যুব সংগঠন ও ৭২ টি তালিকা ভুক্ত যুব সংগঠন রয়েছে। যুব সংগঠন গুলোকে সক্রিয় রাখার জন্য প্রতিটি নিবন্ধিত যুব সংগঠনে চলতি অর্থ বছরে খেলাধুলার সামগ্রী বিতরন করা হয়েছে। ঋণ বিতরনও আদায়ের হার সন্তোষজন করয়েছে। যুব কার্যক্রমে সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি। | প্রশিক্ষন কার্যক্রম যথাযথ ভাবে পরিচালনা ও নিবিড় তদারকি অব্যাহত রাখতে হবে। কম্পিউটার বিষয়ে আরও যুব ও যুবনারীদের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহন করতে হবে। যুব সংগঠনকে সক্রিয় করে তাদের সন্ত্রাশ, জঙ্গীবাদ,বাল্যবিবাহ প্রতিরোধ সহ অন্যান্য সামাজিক কর্মকান্ডে সক্রিয় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| প্রকৌশল বিভাগ (এলজিইডি) | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ইং এবং ২০২২-২০২৩ইং অর্থ বছরে বিভিন্ন সময়ে উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি এবং যোগাযোগ ও ভৌত অবকাঠামোর সভায় Rate Schedule 2020-21 মোতাবেক আগষ্ট/২০২২মাসের মাসিক সভায় মোট ১২৮টি প্রকল্প অনুমোদন প্রদান করা হয়। বার বার দরপত্র আহবান করা সত্বেও ঠিকাদার কর্তৃক দরপত্র দাখিল না করায় অনুমোদিত প্রকল্পসমূহের মধ্যে ২৪টি প্রকল্পের নতুন Rate Schedule (February) 2023 অনুযায়ী প্রাক্কলন পুনঃ সংশোধন করার জন্য আলোচনা করা হয়। সে অনুযায়ী সংশোধিত প্রাক্কলন প্রস্তত করা হয়েছে। সংশোধিত প্রাক্কলন তালিকা উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা ই-জিপি পদ্ধতিতে (LTM) দরপত্র আহবান করে কাজগুলো বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা কাজটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| | উপজেলার বিভিন্ন প্রান্ত থেকে সেবা গ্রহণের জন্য আগত শিক্ষক ও সাধারণ জনগণের জন্য ওয়েটিং রুম এবং সম্প্রসারিত ভবনের উত্তর পার্শ্বে(২৫মিঃ বাই ৮মিঃ অংশ) ইন্টারনাল ওয়াকওয়ে নির্মাণ করা প্রয়োজন। সে লক্ষ্যে ৯,৯৪,৬১৬.০০ টাকার প্রাক্কলন প্রস্তত করা হয়েছে। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা কোটেশন পক্রিয়ার মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন ও সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | | |
| | কালিয়াকৈর উপজেলার আওতাধীন বিভিন্ন উন্নয়ন মুলক কাজের গুনগত মান পরীক্ষার জন্য উপজেলা মান নিয়ন্ত্রণ ল্যাবারেটরী ভবন নির্মাণ এবং উপজেলা নির্বাহী অফিসার এর কক্ষে লাইট প্রতিস্থাপন করা প্রয়োজন। সে লক্ষ্যে ৬,৬৭,৩৫০.০০ টাকার প্রাক্কলন প্রস্তত করা হয়েছে। | | |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা কোটেশন প্রক্রিয়ার মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন ও সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | | |
| | মৌচাক ইউনিয়নের বরাবো আরিফ কলেজের চৌরাস্তা হতে উত্তর দিকে খলিল মাস্টারের বাড়ী পর্যন্ত এইচবিবি দ্বারা উন্নয়ন (প্যাকেজ নং-e-Tender ID No. 755986, APP/UPZ/KALK/ADP/2022-23-W-14) কাজ বাস্তবায়নের জন্য ১৯,৪২,৭৮৭/- টাকার অনুমোদন গ্রহণ করে ঠিকাদার নির্বাচন করা হয়। ঠিকাদারকে লে-আউট প্রদানের সময় উক্ত প্রাক্কলনে ভুল বশত রাস্তার এক পার্শ্বের এজিং অন্তর্ভূক্ত আছে অপর পার্শ্বে এজিং অন্তর্ভুক্ত নাই বিধায় প্রাক্কলন সংশোধন পূর্বক কাজ বাস্তবায়ন করা প্রয়োজন। সংশোধিত প্রাক্কলনে প্রাক্কলিত মূল্য ২০,৩৮,২৪২.০০ টাকা। এমতাবস্থায়, কাজটি যথাযথভাবে বাস্তবায়নের জন্য অতিরিক্ত ৯৫,৪৫৫.০০ টাকা উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | | |
| | শ্রীফলতলী ইউনিয়নে গত নভেম্বর/২০২২ মাসে প্রকল্প অনুমোদনের প্রেক্ষিতে সরেজমিন প্রকল্প স্থল পরিদর্শন করে প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করা হয়। ফলে বড়ইতলী সাহবুদ্দিন এর বাড়ীর সীমানা হইতে বংশাই নদীতে পানি নিষ্কাশনের এর জন্য ৪ ফুট ডায়া আরসিসি পাইপ ড্রেন স্থাপন এর জন্য প্রাক্কলন প্রস্তত করা হয যার প্রাক্কলিত মূল্য ৮৬,৮২,৪৭২.০০ টাকা। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা ই-জিপি পদ্ধতিতে (LTM) দরপত্র আহবান করে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | | |
| | আটাবহ ইউনিয়নে ১ নং ওয়ার্ডে ভাতারিয়া গ্রামের শহিদুল ইসলামের বাড়ী হইতে সিরাজুলের বাড়ী অভিমুখে রাস্তা ব্রিক সলিং করা প্রয়োজন। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | | |
| | মজিদচালা গোয়ালচালা রাস্তার সোহরাব মাস্টারের বাড়ীর মোড় হতে জাথালিয়া দক্ষিণপাড়া মসজিদ পর্যন্ত ১০৫মিঃ রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়নের জন্য গত জানুয়ারী/২০২৩ মাসে উপজেলা পরিষদের সাধারণ সভায় অনুমোদন প্রদান করা হয়। উক্ত স্কীমের বিপরীতে সংশোধিত প্রাক্কলিত মূল্য ১০,০৯,৬৭৩ টাকা। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা সীমিত দরপত্র পদ্ধতির আওতায় ই-টেন্ডারের মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | | |
| | বিভিন্ন সময়ে প্রকাশিত পত্রিকার বিজ্ঞাপন বিল বাবদ ৩৬টি বিজ্ঞাপন বিলের বিপরীতে মোট ৮,৮৬,৯৩৮.০০ (আট লক্ষ ছিয়াশি হাজার নয়শত আটত্রিশ) টাকার বিল দাখিল করা হয়েছে। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থদ্বারা পত্রিকার বিজ্ঞাপন বিল পরিশোধের নিমিত্তে উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ করা প্রয়োজন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থদ্বারা পত্রিকার বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | Contract Package No, e-Tender ID: 546641, KAK/ADP/2020-21/W-13 এর কাজের নির্বাচিত ঠিকাদার মেসার্স আহাদ নূর এন্টারপ্রাইজ এর স্বত্বাধীকারী শেখ মোঃ আজিজ, লতিফপুর, কালিয়াকৈর, মৃত্যু বরণ করেছেন। মৃত্যুজনিত কারণে সংশ্লিষ্ট প্যাকেজের অবশিষ্ঠ কাজগুলো বাস্তবায়ন এবং বিল পরিশোধে জটিলতা সৃষ্টি হয়েছে বিধায় মানবিক কারণে কাজের পিজি অবমুক্তিসহ কাজটি বাতিল পূর্বক নুতন রেট সিডিউল ২০২২-২৩ (ফেব্রুয়ারী) অনুযায়ী অবশিষ্ট কাজের প্রাক্কলন পুনঃসংশোধন করে পুনরায় দরপত্র আহবান করা প্রয়োজন এবং উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | সংশ্লিষ্ট ঠিকাদার মৃত্যু বরণ করায় মানবিক কারনে কাজের পিজি অবমুক্ত করে কাজটি বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং নুতন রেট সিডিউল অনুযায়ী অবশিষ্ট কাজের প্রাক্কলন পূনঃসংশোধন করে পুনরায় দরপত্র আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, অত্র উপজেলা চেয়ারম্যান মহোদয়ের ব্যবহৃত পাজেরো জীপ গাড়ীটি ব্যবহার অনুপযোগী হয়ে পড়ায় কনডেম ঘোষণা করা প্রয়োজন। এ ক্ষেত্রে বিআরটিএ কর্তৃপক্ষের মতামত বা প্রত্যয়নসহ উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় আলোচনা/সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। | জীপ গাড়ীটি ব্যবহার অনুপযোগী হওয়ায় বিআরটিএ কর্তৃপক্ষের মতামত বা প্রত্যয়নসহ উপজেলা প্রকৌশলী, কালিয়াকৈর, গাজীপুরকে কনডেম ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |

## কালিয়াকৈর উপজেলায় বিভিন্ন ইউনিয়নে উন্নয়নের জন্য গৃহীত স্কীমের বিপরীতে

<u>সংশোধিত প্রাক্কলিত মুল্য তালিকাঃ</u>

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | কাজের নাম | রাস্তার দের্ঘ্য (মিঃ) | প্রাক্কলিত মুল্য (টাকা) | সংশোধিত প্রাক্কলিত মুল্য( টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৫১ | চাঁপাইর | চাঁপাইর ইউনিয়নের আষাড়িয়াবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের (পূর্বপার্শ্ব) নিকট হতে আবুল হাসেম এর বাড়ী পর্যন্ত সংযোগ রাস্তা ৩১০মিটার এবং লিংক রোড মোঃ বাহাদুর আলীর বাড়ী পর্যন্ত ৭০ মিটার রাস্তা (প্রায় ৩৮০মিঃ) পাকা করণ করা প্রয়োজন। | ২৮৫.০০ | ২১৫৬৫৯১.০০ | ২৮১৫৯৬৩.০০ | |
| ৭১ | ফুলবাড়ীয়া | ফুলবাড়ীয়া ইউনিয়নের বেতার কেন্দ্র থেকে রাজ্জাক মাস্টারের বাড়ী ভায়া বাশাকৈর সরকারি প্রাথমিক বিদ্যালয় রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন করা প্রয়োজন। | ১৪০০.০০ | ৭৮৪০৪৮৯.০০ | ৯৩১২৩৭৮.০০ | |
| ৭৫ | ফুলবাড়ীয়া | ফুলবাড়ীয়া ইউনিয়নের বটতলা পাকা রাস্তা হতে নাগেরচালা অভিমূখে কবিরের বাড়ীর পার্শ্বে চৌরাস্তা পর্যন্ত রাস্তা পাকা করা প্রয়োজন। | ১৯৫০.০০ | ১০৮২৫৯৬১.০০ | ১২৮৭৬৮১২.০০ | |
| ৭৬ | ফুলবাড়ীয়া | ফুলবাড়ীয়া ইউনিয়নের গোয়ালচালা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পশ্চিম পাশের ইটের সলিং হতে গোয়ালচালা গ্রামের শেষ সীমানা পর্যন্ত রাস্তা এইচবিবি করা প্রয়োজন। | ৬০০.০০ | ৩৩২৫০৮৭.০০ | ৪০১৬৪১৬.০০ | |
| ৭৭ | সূত্রাপুর | সূত্রাপুর ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের উত্তর গজারিয়া উত্তর পাড়া বাগবাড়ী রাস্তা(ইয়ার উদ্দিন মন্ডলের বাড়ী হইতে মজিবরের বাড়ী পর্যন্ত) রাস্তা এইচবিবি করা প্রয়োজন। | ৫৫০.০০ | ৩০৩৩৬৪৯.০০ | ৩৬৪৯০৩০.০০ | |
| ৭৯ | সূত্রাপুর | সূত্রাপুর ইউনিয়নের বামন্দগ্রামের জিয়ার উদ্দিনের জমি হতে মিনারের পর্যন্ত পাকা ড্রেন নির্মাণ করা প্রয়োজন। | ১২৫.০০ | ৪৩৪৯১২.০০ | ৪৯০২৪৯.০০ | |
| ৮১ | চাঁপাইর | চাঁপাইর ইউনিয়নের কোটবাড়ী চৌরাস্তা বাজার পাকা রাস্তা হতে ফুটবল খেলার মাঠ অভিমুখে রাস্তা এইচবিবি করা প্রয়োজন। | ৪৪৫.০০ | ২২৭৫২৮৬.০০ | ৩০৭৩০৯০.০০ | |
| ৮৩ | চাঁপাইর | চাঁপাইর ইউনিয়নের রশিদপুর দরগাচালা বাচ্চু মেম্বারের টেক হতে সোহেলের বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবি করা প্রয়োজন। | ৪১০.০০ | ২০৬৪০২৫.০০ | ২৮৩৮৫০৯.০০ | |
| ৮৫ | বোয়ালী | বোয়ালী ইউনিয়নের নলুয়া বড় বাইদ হতে সামসুলের বাড়ী পর্যন্ত এইচবিবি করা প্রয়োজন। | ১৫৫৫.০০ | ৬৪৭২৬০১.০০ | ৯৪২১১১.০০ | |
| ৮৮ | বোয়ালী | বোয়ালী ইউনিয়নের ঝিঙ্গাহাটি বচ্চুর বাড়ী হতে জিন্নতের বাড়ী পর্যন্ত রাস্তা রাস্তা এইচবিবি করা প্রয়োজন। | ৯৬৫.০০ | ৪৬১০৮৬৭.০০ | ৬৩৩৫৯৪৩.০০ | |
| ৮৯ | বোয়ালী | বোয়ালী ইউনিয়নের সোনতালা মতির বাড়ী হতে মস্তানের বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবি করা প্রয়োজন। | ৭১০.০০ | ৩৪৩২৪৫৯.০০ | ৪৭৫৯৩৯১.০০ | |
| ৯০ | বোয়ালী | বোয়ালী ইউনিয়নের সিরাজুল ইসলামের বাড়ী সংলগ্ন সলিং রাস্তা হতে বীর মুক্তিযোদ্ধা হাজী ইদ্রিস আলীর বাড়ীর মোড় হয়ে ঝিঙ্গাহাটি মাদ্রাসার দিকে এইচবিবি করা প্রয়োজন। | ৫১০.০০ | ২৮১৩৪৯৪.০০ | ৩৬৪৮৩৯১.০০ | |
| ৯১ | বোয়ালী | বোয়ালী ইউনিয়নের পিপড়াসিট মেইন রাস্তা হতে আউয়ালের বাড়ী অভিমুখে রাস্তা এইচবিবি করা প্রয়োজন। | ২০০.০০ | ৯৭৮৬৮৭.০০ | ১৩৬৭৬৬৩.০০ | |
| ৯৩ | বোয়ালী | বোয়ালী ইউনিয়নের গাছবাড়ী জালালের দোকানের মোড় হতে বড়বাড়ী মন্দির পর্যন্ত রাস্তা এইচবিবি করা প্রয়োজন। | ৭৯০.০০ | ৩৬৭৪১০২.০০ | ৫০০২৬৮৭.০০ | |
| ৯৫ | আটাবহ | আটাবহ ইউনিয়নের মেইন রোডের জুয়েলের দোকান হইতে গাজী খাল অভিমুখে রাস্তা এইচবিবি করা প্রয়োজন। | ৪৩৫.০০ | ২৪২৮২৪৭.০০ | ৩০৫৯০৭৭.০০ | |
| ১০১ | মধ্যপাড়া | মধ্যপাড়া ইউনিয়নের বাহারিয়াচালা ছলিম মিয়ার বাড়ী হতে নুরুল আমিন এর বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবি করা প্রয়োজন। | ২২০.০০ | ১৩৪২৬৪৬.০০ | ১৫৫৭৭৩০.০০ | |
| ১০২ | মধ্যপাড়া | মধ্যপাড়া ইউনিয়নের ৯নং ওয়ার্ডের রাজ্জাক সচিব এর বাড়ী হতে নদীর পাড় হতে মোঃ শাহীন আলম এর বাড়ী পর্যন্ত রাস্তা ব্রিক সলিং করা প্রয়োজন। | ৫৪২.০০ | ২৬০৯৯৩৬.০০ | ৩৪৫৯৪৪৯.০০ | |
| ১০৩ | মধ্যপাড়া | মধ্যপাড়া ইউনিয়নের ভাওয়াল মির্জাপুর ব্রীজ হতে দূর্গাপুর শক্তি | ২১৫.০০ | ১৩৪২৩৫৮.০০ | ১৬৪০৯৫১.০০ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | সরকার এর বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবি করা প্রয়োজন। | | | | |
| ১০৪ | মধ্যপাড়া | মধ্যপাড়া ইউনিয়নের ঠেংগারবান্দ আশ্রয়ন পাকা রাস্তা হতে নদীর পাড় ডঃ এহতেসাম এর বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবি করা প্রয়োজন। | ৬০০.০০ | ২৮৬৩৫৪২.০০ | ৩৩৪৩৯২৪.০০ | |
| ১০৬ | মধ্যপাড়া | মধ্যপাড়া ইউনিয়নের রায়েরচালা গ্রামের হাইমুদ্দিন মাষ্টারের দোকান হতে আবেদ আলীর বাড়ীর ঢাল পর্যন্ত রাস্তা এইচবিবি করা প্রয়োজন। | ২২০.০০ | ১৪৮৩০৮০.০০ | ১৬৯৭৭৩১.০০ | |
| ১০৭ | মধ্যপাড়া | অলিয়ারচালা মস্তান মার্কেট- অলিয়ারচালা জামে মসজিদ (অলিয়ারচালা পূর্বপাড়া হাজী জালালের বাড়ী) রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন | ১০০০.০০ | ৫৭৯৫৩১৫.৮৩ | ৫৯৯৫৪২৩.০০ | |
| ১২৩ | চাপাইর | চাঁপাইর ইউনিয়নের বড়ইবাড়ী পাইকপাড়া পাকা রাস্তা- ঢোলসমুদ্র বড়পুকুর দক্ষিণ পাড় হতে বীরমুক্তিযোদ্ধা ফরিদ আহমেদ এর বাড়ী অভিমুখে রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন | ১৬৫.০০ | ৮৭৬৬৮৭.০০ | ১১৯৫৩১৬.০০ | |
| ১২৪ | চাপাইর | চাঁপাইর ইউনিয়নের সাতকুড়া সুফী নগর দাখিল মাদ্রাসা হতে সাতকুড়া নূরে মদিনা হাফিজিয়া মাদ্রাসা এবং এতিম খানা রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন | ৪২০.০০ | ৩১৮৪৬৮২.০০ | ২৯০৬৫২৫.০০ | |
| ১২৫ | মৌচাক | ইনক্রেডিবল ফ্যাক্টরী হতে সুরিচালা গ্রাম অভিমূখে রাস্তা এইচবিবি করন। | ১০০০.০০ | ৫৪২৪৮৮১.০০ | ৭২৯৮৫০৬.০০ | |

| | | | |
|---|---|---|---|
| জনস্বাস্থ্য বিভাগ | সহকারী প্রকৌশলী জানান যে, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" হতে ১,৬৩৬(এক হাজার ছয়শত ছত্রিশ)টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ এর স্থাপন কাজ সমাপ্ত হয়ে গিয়েছে। এবং ৩০০টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ এর স্থাপন সহ প্লাটফর্ম এর কাজ চলমান অবস্থায় রয়েছে। "গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প" হতে ২,১০০(দুই হাজার এক শত)টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ এর স্থাপন কাজ সমাপ্ত হয়ে গিয়েছে এবং প্লাটফর্ম এর কাজ চলমান অবস্থায় রয়েছে।"৩২টি পৌরসভায় পানি সরবরাহ ও মানববর্জ্য ব্যবস্থাপনাসহ এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্প" হতে কালিয়াকৈর পৌরসভায় ১.১কিঃ মিঃ ড্রেনেজ এর কাজ সমাপ্ত হয়েছে এবং ৪০০ মিটারের কাজ চলমান অবস্থায় রয়েছে। | উক্ত কাজ যথাসময়ে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বাংলাদেশ পল্লীউন্নয়ন বোর্ড মূল কর্মসূচীসহ অন্যান্য প্রকল্প/কর্মসূচী সমূহে দক্ষতার সহিত ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রেখেছে। এ প্রেক্ষাপটে মার্চ/২৩ ইং মাসে বর্ণিত সমিতি ও দলের সদস্য/সদস্যাদের মধ্যে ২৮.৮৫ (লক্ষ) টাকা ঋণ বিতরণ করে এবং ইতিপূর্বে বিতরণকৃত ঋণ হতে১৭.৮৮ (লক্ষ) টাকা আদায় করা হয়েছে। আদায়কৃত ঋণের মধ্যে মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ ১.৪১ (লক্ষ) টাকা। ঋণ আদায়ের হার- ৯৮%। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ- ৯৯৬৫.৩৪ লক্ষ টাকাএবং ক্রমপুঞ্জিত ঋণ আদায় ৯৫৫৬.০৪ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত বিতরণকৃত ঋণের মধ্যে মেয়াদোত্তীর্ণ ৪১.৮৭ (লক্ষ) টাকা আদায় কল্পে কার্যক্রম জোরদার করা হয়েছে। মাসে মোট শেয়ার জমা ০.১৫ লক্ষ টাকা, সঞ্চয় জমা ০.৪২ লক্ষ টাকা, মোট শেয়ার জমা ৩৭.২৯ লক্ষ টাকা ও মোট সঞ্চয় জমা ২০৬.২৫ লক্ষ টাকা।পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় সুত্রাপুর, ফুলবাড়িয়া ও চাপাইর ইউনিয়নে ০১টি করে মোট ০৩টি ইউনিয়ন সমন্বয় সভা সম্পন্ন হয়েছে। উক্ত মাসে৪ (চার) টি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে বাল্য বিবাহ প্রতিরোধ, যৌতুক প্রতিরোধ, পরিবার পরিকল্পনার সুফল, নারী ও পুরুষের বৈষম্য দূরীকরণ, ইভটিজিং, সন্ত্রাস, জঙ্গীবাদ প্রতিরোধ, আর্সেনিকমুক্ত পানি ও ফরমালিনমুক্ত খাবার, গাভী মোটাতাজাকরণ, হাঁস মুরগী পালন, বয়োজ্যেষ্ঠদের প্রতি আচরণ শিক্ষা, নিরক্ষরতা দূরীকরণসহ সচেতনতা বৃদ্ধির উপর আলোচনা করা হয়েছে।য়োজ্যেষ্ঠদের প্রতি আচরণ শিক্ষা, নিরক্ষরতা | ঋণ কার্যক্রম সন্তোষজনক, তবে কার্যক্রম আরও জোড়দার করতে হবে। মেয়াদোত্তীর্ণ ঋণ শূন্যের কোটায় নামিয়ে আনার জন্য পরামর্শ প্রদান করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | দূরীকরণসহ সচেতনতা বৃদ্ধির উপর আলোচনা করা হয়েছে। বমেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ে সার্বিক সহযোগিতা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে বিআরডিবি'র পক্ষ থেকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | | |
| বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, কালিয়াকৈর/ কাচিঘাটা জানান যে, বনভূমির আশেপাশে করাত কল স্থাপন নিষিদ্ধ তা সত্ত্বেও অবৈধভাবে করাত কল স্থাপন করা হচ্ছে। অবৈধভাবে স্থাপিত করাত কল গুলোতে উচ্ছেদ/মোবাইল কোর্ট কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন। | বনভূমির আশেপাশে স্থাপিত অবৈধ করাত কলগুলোতে উচ্ছেদ কার্যক্রম পরিচালনার নিমিত্ত মোবাইল কোর্ট/আইনি ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও রেঞ্জ কর্মকর্তা, কালিয়াকৈর/ কাচিঘাটা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ১। এনসিটিবি থেকে প্রাপ্ত ২০২৩ শিক্ষাবর্ষের বিনামুল্যের সকল পাঠ্যপুস্তক শিক্ষা প্রতিষ্ঠানে ইতোমধ্যে বিতরন সম্পন্ন হয়েছে। ২। নতুন কারিকুলাম বিস্তরন উপলক্ষ্যে মাধ্যমিক স্তরের শিক্ষকদের অধিকতর প্রশিক্ষন প্রয়োজন। সে লক্ষ্যে উপজেলা পরিষদ থেকে ১৫,০০০০০/-(পনের লক্ষ টাকা মাত্র) বরাদ্দ প্রয়োজন। ৩। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার মানন্নোয়নের জন্য 'মা' সমাবেশ করা প্রয়োজন । সে লক্ষ্যে উপজেলা পরিষদ তহবিল থেকে ৫,০০০০০/-(পাচ লক্ষ টাকা মাত্র) বরাদ্দ প্রয়োজন ।৪। মাধ্যমিক শিক্ষা অফিসারের অফিস রুমটি বর্ধিত করন খুবই জরুরী। বর্তমান প্রেক্ষাপটে রুমটিতে ১০-১২টি চেয়ারের ধারন ক্ষমতা রয়েছে সে কারনে এক সংগে অধিক সংখ্যক প্রধান শিক্ষকদের বসতে দেয়া সম্ভব হয়না। রুমটি বর্ধিত করার মত জায়গা ও আছে এবং রুমটি বর্ধিত করনসহ ডেকোরেশনের জন্য ৩,০০০০০/-(তিন লক্ষ টাকা মাত্র) টাকা যা উপজেলা পরিষদ কর্তৃক বরাদ্দ প্রদান করা প্রয়োজন। ৫। মাধ্যমিক শিক্ষা অফিসের দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালিত হ"ছে ।। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, খাদ্য বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কালিয়াকৈর খাদ্য গুদামের খাদ্য শস্যের বর্তমান (০৩/০৪/২০২৩) মজুত। চাল- ৬৯৩.৯০৪ মে:টন, গম-৩৭১.৪৩৩ মে:টন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার জানান যে, অত্র উপজেলায় ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমের রিভাইজিং অথরিটির কার্যক্রম ইতিমধ্যে শেষ হয়েছে। যারা এ হালনাগাদে বাদ পড়েছে তাদেরকে অত্র দপ্তরে নতুন ভোটার হওয়ার জন্য আবেদন গ্রহণ অব্যাহত আছে। এছাড়া ভোটাদের তথ্য-উপাত্য সংশোধন, স্থানান্তর এবং বিদ্যমান ভোটারদের পৌরসভা এবং ইউনিয়নের স্মার্ট কার্ড বিতরন এবং অন্যান্য কাজ যথারীতি চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাচন অফিসার |
| বিএডিসি সেচ বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (সেচ) |
| পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, ১) আউশ ফসলের নমুনা কর্তন। ২) মাসিক কৃষিমজুরীর তথ্য সগ্রহ। ৩) বিভিন্ন ফসলের আনুমানিক তথ্য সগ্রহ।৪)বনজরিপ। ৫) পাট ফসলের নমুনা কর্তন। ৬) আউশ ফসলের মুল্য ও উৎপাদন খরচজরিপ। | চলমান কার্যক্রমগুলো সঠিকভাবে যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| আনসার ভিডিপি বিভাগ | সন্ত্রাস, বাল্য বিবাহ, মাদক, নারী ও শিশুপাচার রোধসহ জঙ্গীবাদ নির্মূলে প্রতিটি ক্যাম্প কমান্ডার ইউনিয়ন দলনেতা/ দলনেত্রী ও আনসার কমান্ডারদের নিয়ে মাসিক সভায় বিস্তারিত আলোচনা করাসহ সতর্ক থাকার জন্য নির্দেশ প্রদান করা হয়। | গ্রামীন আইন শৃঙ্খলা রক্ষায় ইউনিয়ন দলনেতা/ দলনেত্রী এবং বিভিন্ন আনসার ক্যাম্পের কমান্ডার নিয়ে সন্ত্রাস, বাল্য বিবাহ, মাদক, নারী ও শিশুপাচার রোধসহ জঙ্গীবাদ নির্মূল বিষয়ে আলোচনা ও নির্দেশনা প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ভিডিপি অফিসার |
| ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স বিভাগ | ইন্সপেক্টর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসার |
| পল্লী বিদ্যুৎ বিভাগ | ডি.জি.এম পল্লী বিদ্যুৎ, কালিয়াকৈর জোনাল অফিস জানান যে, মুজিববর্ষে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম সম্পন্ন হয়েছে। অনলাইনে গ্রহকের আবেদন গ্রহণ করা হয় এবং ০৭(সাত) দিনের মধ্যে আবাসিক সংযোগ প্রদান করা হয়। সংযোগ | মুজিববর্ষে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। তাছাড়া কালিয়াকৈর উপজেলায় বিদ্যুৎ পরিস্থিতি উন্নয়নের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ(সকল) |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | নেওয়ার জন্য গ্রহককে অফিসে আসার প্রয়োজন হয় না। অত্র প্রতিষ্ঠানের সার্বিক কর্মকান্ডে সকলের সহযোগিতা একান্তকাম্য। | | |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার জানান যে, ১।সমিতির সংখ্যাঃ- কালিয়াকৈর উপজেলায় মোট সমবায় সমিতির সংখ্যাঃ-৬২৪ টি। তন্মধ্যে বিভাগীয় প্রাথমিক সাধারণ সমিতি-৩৫২টি, বিআরডিবি ভুক্ত প্রাথমিক সমিতির সংখ্যা-২৭৪ টি ও বিআরডিবি ভুক্ত কেন্দ্রীয় সমবায় সমিতি-০১টি ।<br>২।অডিটঃ-অত্র উপজেলায় মোট অডিট যোগ্য/কার্যকর প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা-১৪৪ টি। মার্চ/২০২৩খ্রিঃ মাস পর্যন্ত অডিট সম্পাদনকৃত বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা-১৪৪ টি। অডিট সম্পাদনের হার-১০০%।<br>৩। অডিট ফিঃ– অত্র উপজেলায় ২০২১-২০২২খ্রিঃ সনের বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতির অডিট ফি ধার্যের পরিমান- ১৫,৩১০/-টাকা। মার্চ/২০২৩ মাস পর্যন্ত অডিট ফি আদায় করা হয়েছে-১৫,৩১০/- টাকা,আদায়ের হার-১০০%।<br>৪। সমবায় উন্নয়ন তহবিলঃ- ২০২১-২০২২খ্রিঃ সনে বিভাগীয় প্রাথমিক সমবায় সমিতির সমবায় উন্নয়ন তহবিল ধার্যের পরিমান-২৬,৫১৯/-টাকা। মার্চ/২০২৩ মাস পর্যন্ত ২৬,৫১৯/- টাকা আদায় করা হয়েছে ,আদায়ের হার-১০০%।<br>৫। আশ্রয়ণ প্রকল্পঃ- কালিয়াকৈর উপজেলায় সমবায় কার্যালয়ের আওতাধীন ০২টি আশ্রয়ণ প্রকল্প রয়েছে যানিম্নে উল্লেখ করা হলোঃ<br>(ক)ভুলুয়া আশ্রয়ণ প্রকল্প ঃ<br>মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ণ প্রকল্প দপ্তর হতে ঋণ বাবদ ছারকৃত টাকা-৪,০০,০০০/-(চারলক্ষ) টাকা যাহা ঘূর্ণায়মান তহবিল আকারে-১৭,৩০,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়েছে।মার্চ/২০২৩ মাস পর্যন্ত ঋণ আদায়ের পরিমান (আসল) ১২,২৬,৭১২/-টাকা,সার্ভিস চার্জ আদায়-৯৯,০৮৭/-টাকা। ঋণ আদায়ের শত করা হার-৭০.৯০। ঋণ আদায় কার্যক্রম চলমান।<br>(খ) সোনাতলা আশ্রয়ণ প্রকল্প ঃ-<br>মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ণ প্রকল্প দপ্তর হতে ঋণ বাবদ ছারকৃত -৪,০০,০০০/-(চারলক্ষ) টাকা যাহা ঘূর্ণায়মান তহবিল আকারে ১৩,২৮,০০০/- টাকাঋণ বিতরন করা হয়েছে। মার্চ/২০২৩মাস পর্যন্ত ঋণ আদায় (আসল) ৮,৬৩,৪৪৬/- টাকা। মার্চ/২০২৩মাস পর্যন্ত সার্ভিস চার্জ আদায়-৬৯,৩১৯/- টাকা। ঋণ আদায়ের শতকরা হার ৬৫.০১। ঋণ আদায় কার্যক্রম চলমান। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রেখে সেবা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সমবায় অফিসার |
| কালিয়াকৈর পৌরসভা | মেয়র, কালিয়াকৈর পৌরসভা জানান, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | মেয়র, কালিয়াকৈর পৌরসভা |
| উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কালিয়াকৈর জানান যে, কালিয়াকৈর উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর আওতায় ইতোমধ্যে ২১৩ টি সমিতি গঠন করা হয়েছে। মোট সদস্য সংখ্যা ৮১৭১ জন। বর্তমান মাসে সঞ্চয় আদায় হয়েছে ২.৯৯ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত সঞ্চয় আদায় হয়েছে ৪৮৯.৭২ টাকা। বর্তমান মাসে ঋণ বিতরণ হয়েছে ৯৭.২০লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ হয়েছে ৫৪৬২.২১ লক্ষ টাকা। বর্তমান মাসে ঋণ আদায় হয়েছে১০৭.৮৭লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ আদায় হয়েছে ৪১১২.৫৭লক্ষ টাকা। ঋণ আদায়ের হার ৭৬%। ইতোমধ্যে কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্থ ৩৬০ জন সদস্যের মাঝে ১৩২.৫০ লক্ষ টাকা কর্মসৃজন ঋণ বিতরণ করা হয়েছে। এবং ৩২১ জন কৃষকের মাঝে মোট ৬৩.৫০ লক্ষ টাকা শস্যগোলা ঋণ বিতরণ করা হয়েছে।সমিতি পর্যায়ে ৩৭০.৩৫ লক্ষ টাকা খেলাপী হিসেবে পড়ে আছে। খেলাপী ঋণ আদায়ে মাঠ পর্যায়ে বিভিন্ন কার্যক্রম গ্রহন করা হচ্ছে। সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর আওতায় গঠিত সমিতির সদস্য/সদস্যাদের মধ্যে নীতিমালা/বিধি মোতাবেক ঋণ বিতরণের তুলনায় আদায় আরও বৃদ্ধি করতে হবে। ক্রমপুঞ্জিত বিতরণকৃত ঋণের মধ্যে খেলাপী/মেয়াদোত্তীর্ণ এবং খেলাপী ঋণ আদায়ের হার আরও বৃদ্ধি করতে হবে। সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগনকে সহায়তা প্রদানের অনুরোধ জানানো হয়। | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, কালিয়াকৈর শাখা। |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সম্পন্ন করার জন্য উপস্থিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সহ সকলের সহায়তা কামনা করছি। | | |
| বিবিধ-০১ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(খ) অনুচ্ছেদ অনুযায়ী মহান স্বাধীনতা ও জাতীয় দিবস/২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের নির্দেশনা রয়েছে। | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস/২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উত্তোলনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ কামাল উদ্দিন সিকদার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা
কালিয়াকৈর, গাজীপুর।

কার্যবিবরণী নং-০৫.৪১.৩৩৩২.০০০.০৮.০০২.১৯- ২১৫২

তারিখ: ১৫/০৩/২০২৩খ্রি.

বিতরণ: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। আলহাজ্ব এ্যাডভোকেট আ. ক. ম মোজাম্মেল হক এম.পি, মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও উপদেষ্টা, কালিয়াকৈর উপজেলা পরিষদ, গাজীপুর।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, গাজীপুর।
৪। মেয়র, কালিয়াকৈর পৌরসভা, কালিয়াকৈর, গাজীপুর।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর।
৭। উপজেলা ........................................................ অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।
৮। চেয়ারম্যান ..............................................ইউপি(সকল), কালিয়াকৈর, গাজীপুর।
৯। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কালিয়াকৈর, গাজীপুর।
১০। জনাব .................................................................................................।
১১। অফিস কপি।

১৫/০৩/২০২৩
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়াকৈর, গাজীপুর।